যুগান্তর

MAR. 10 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...১৩... কলাম ...৩......

# কেশবপুরে মহিলা মাদ্রাসার শিক্ষক কাশেমের অপসারণ দাবি

**যশোর প্রতিনিধি**

যশোর জেলার কেশবপুর মহিলা মাদ্রাসার ছাত্রীরা শিক্ষক আবুল কাশেমের (৩২) বিরুদ্ধে নারী কেলেঙ্কারির অভিযোগ এনে তার অপসারণ ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছে। বুধবার সকালে কেশবপুর প্রেসক্লাবে মাদ্রাসার ৮ জন ছাত্রী এসে এ দাবি জানায়। এদিকে সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে প্রাথমিকভাবে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সাসপেন্ড করা হয়েছে।

ছাত্রীদের অভিযোগে জানা গেছে, শিক্ষক আবুল কাশেম ক্লাসে বিজ্ঞান পাঠদান ছাড়াও ছাত্রীদের প্রাইভেট পড়াতেন। এ সুযোগে তিনি বিভিন্ন প্রলোভন দেখিয়ে একাধিক ছাত্রীর সঙ্গে অবৈধ সম্পর্ক গড়ে তোলার চেষ্টা চালান। তিনি কোন কোন ছাত্রীকে কুপ্রস্তাবও দেন। তার অশ্লীল কথাবার্তায় ছাত্রীরা অতিষ্ঠ হয়ে এক পর্যায়ে মুখ খুলতে বাধ্য হয়। বিষয়টি লিখিতভাবে ইতিমধ্যে মাদ্রাসা অধ্যক্ষকে অবহিত করা হয়েছে। ছাত্রীরা আরও বলেছে, শিক্ষক আবুল কাশেম এখন এই বলে হুমকি দিচ্ছে যে, এ ব্যাপারে বেশি বাড়াবাড়ি করা হলে তাদের শরীর এসিডে ঝলসে দেয়া হবে। এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা হলে মাদ্রাসা অধ্যক্ষ রফিকুল ইসলাম জানান, ইতিমধ্যে ওই শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে এবং একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।